

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩১.২০১৪-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোস্তফা হাসান আসকারী, ক্রেডিট সুপারভাইজার জৈন্তাপুর, সিলেট কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচির ৯,৬০,০০০/- টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৬,৫৫,০০০/- টাকা বিতরণ, জুন ২০১৩ পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচির চলমান কিস্তির আদায়যোগ্য ২০,০০০/- টাকার বিপরীতে ১৬,০০০/- টাকা আদায় এবং ৫,৯৬,০০০/- টাকা খেলাপীর বিপরীতে কোন টাকা আদায় করতে না পারার অভিযোগে অত্র দপ্তরের ১৯-০১-২০১৪ খ্রিঃ তারিখের ২৯ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ৩১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে খেলাপী আদায়ে তিনি সময় প্রার্থনা করলে, তাকে জুন ২০১৪ পর্যন্ত সময় দেয়া হয়। অতঃপর তার আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে কয়েক দফা সময় দেয়া হয়। সর্বশেষ ৬,০০,০০০/- টাকা খেলাপী আদায়ের নিমিত্ত ডিসেম্বর ২০১৫ পর্যন্ত সময় দেয়া হয়। উক্ত সময়ের মধ্যে তিনি ৫,৪৮,০৩১/- টাকা আদায় করেন মর্মে স্থানীয় কর্তৃপক্ষ পত্রের মাধ্যমে অবহিত করেন। অপরদিকে, তিনি বিভাগীয় মামলায় দায় হতে অব্যাহতির প্রার্থনা করেন;

০৩। যেহেতু, বিভাগীয় মামলার জবাব, খেলাপী আদায় এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) এক্ষণে, সেহেতু ক্রেডিট সুপারভাইজার, জনাব মোস্তফা হাসান আসকারী-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো;

খ) ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকতে তাকে সতর্ক করা হলো;

গ) তাকে অবশিষ্ট খেলাপী টাকা মার্চ ২০১৬ মাসের মধ্যে আদায় নিশ্চিত করতে নির্দেশনা দেয়া হলো ;

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ৩১/০৩/১৪ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩১.২০১৪- ৩২

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।

০৩। সহকারী পরিচালক(প্রশাসন/আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণ এবং ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট।

০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, জৈন্তাপুর, সিলেট।

০৬। জনাব মোস্তফা হাসান আসকারী, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, জৈন্তাপুর, সিলেট।

০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক(শৃঙ্খলা)

ফোন : ৯৫৫১৮৫৯